NEW YORK STATE | Department of Health

খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তী নির্দেশনা COVID-19 গণস্বাস্থ্য সঙ্কটের সময়

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

26 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় খাদ্য পরিষেবার জন্য এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকা ("খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা") তৈরি করা হয়েছে যাতে খাদ্য পরিষেবা ব্যবসার মালিক/পরিচালক এবং তাদের কর্মী এবং ঠিকাদারদের মধ্যে COVID-19 ছড়িয়ে পড়া থেকে রক্ষা করার জন্য সতর্কতা প্রদান করা যায়।

এই নির্দেশিকা ফুড ট্রাক এবং অন্যান্য খাদ্য জনিত ছাড় সহ সকল রেস্টুরেন্ট এবং খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য। যে সব অঞ্চল পর্যায় 1 এ রয়েছে, অথবা পর্যায় 2 এ পৌঁছাতে পারেনি, সেই ধরনের প্রতিষ্ঠান শুধুমাত্র টেক-আউট এবং ডেলিভারির মাধ্যমে পরিচালনা করতে পারে। যে সব অঞ্চল পর্যায় 2 এ পৌঁছেছে, সেই ধরনের প্রতিষ্ঠান গ্রাহকদের বসার জন্য বহিরঙ্গন স্থানের ব্যবস্থা করতে পারে (অর্থাৎ অভ্যন্তরীন ডাইনিং এবং বারের জায়গাগুলি গ্রাহকদের জন্য খোলা যাবে না), যদি গ্রাহকরা যথাযথভাবে দূরে থাকা টেবিলে বসতে পারেন। পর্যায় 1 ও 2 এর অঞ্চলে অবস্থিত ব্যবসায়ীদের জন্য বহিরঙ্গন এবং টেক-আউট/ডেলিভারি খাদ্য পরিষেবা সম্পর্কে আরও নির্দেশিকার জন্য অনুগ্রহ করে নিউ ইয়র্ক রাজ্য স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর সাথে পরামর্শ করুন "COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় বহিরঙ্গন এবং টেক-আউট/ডেলিভারি খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Outdoor and Take-Out/Deliver Food Services During the COVID-19 Public Health Emergency)।

যে সব অঞ্চল পর্যায় 3 এ পৌঁছে গেছে, সেখানে এই ধরনের প্রতিষ্ঠান গ্রাহকদের জন্য অভ্যন্তরীন বা বহিরঙ্গন বসার ব্যবস্থা সহ জায়গা খুলতে পারে, যদি তা এই নির্দেশিকা অনুযায়ী হয়, এবং গ্রাহকেরা যথাযথভাবে দূরে থাকা টেবিলে বসতে পারেন। উপরন্তু, বারে বসার ব্যবস্থা সহ রেস্টুরেন্টগুলি প্রাঙ্গন খুলতে পারে, যদি গ্রাহকদের বসার ব্যবস্থা থাকে এবং যথাযথভাবে দূরত্ব রাখা যেতে পারে। এই সব জায়গায় যে কোন খাবার এবং/অথবা পানীয় গ্রহণ করা শুধুমাত্র তখনই ঘটতে হবে যখন গ্রাহকরা টেবিল বা বার টপে বসে থাকেন।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকা প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অনুশীলনের উপর ভিত্তি করে তৈরি করা, এবং যে দলিলের উপর এই নির্দেশিকা ভিত্তি করে তা ঘন ঘন পরিবর্তিত হতে পারে এবং হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগুলি - যেমন নীচে সংজ্ঞায়িত করা হয়েছে - খাদ্য পরিষেবার সাথে সম্পর্কিত সকল স্থানীয়, রাজ্যের এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তা মেনে চলার জন্য দায়ী। এছাড়াও দায়বদ্ধ পক্ষগুলি এই প্রয়োজনীয়তার যে কোনো আপডেটের সাথে বর্তমান থাকার জন্য দায়ী, সেই সাথে যে কোনো খাদ্য পরিষেবা কার্যক্রম এবং/অথবা সাইট নিরাপত্তা পরিকল্পনায় এগুলি অন্তর্ভুক্ত করার জন্য।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers of Disease Control and Prevention), মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (U.S. Food and Drug Administration), এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (United States Department of Labor's Occupational Safety and Health Administration) এমন কোনো রিপোর্ট সম্পর্কে সচেতন নয় যা পরামর্শ দেয় যে COVID19 সংক্রমণ খাদ্যের মাধ্যমে ছড়াতে পারে। অতএব, এই

নির্দেশিকার অংশ হিসেবে চিহ্নিত অতিরিক্ত প্রয়োজনীয়তার সাথে খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলোর জন্য নিউ ইয়র্ক রাজ্যের স্যানিটারি কোড মেনে চলা COVID-19 এর বিরুদ্ধে যথেষ্ট নিরাপত্তামূলক হবে বলে আশা করা হচ্ছে।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

16 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.3 জারি করেন, যা রাজ্য জুড়ে আহার এবং পান করার প্রতিষ্ঠানগুলিতে স্বস্থানে বসে খাওয়া সীমিত করে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের ভিতরে বসে কাজ করা বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সশরীরে উপস্থিতি সংক্রান্ত সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং দৃঢ়ভাবে সামাজিক দূরত্বের ব্যবস্থা বজায় রাখার জন্য আহ্বান জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহণ করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করার সময়, দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসার পরিচালক/মালিকদের সেই সব মানুষের প্রবেশাধিকার প্রত্যাহার করার অধিকার অনুমোদন করে, যারা মুখ ঢেকে রাখা বা মাস্ক সংক্রান্ত বাধ্যবাধকতা মেনে চলতে ব্যর্থ হন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনস্বাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে পুনরায় খোলার দ্বিতীয় পর্যায় শুরু হবে। 3 জুন 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণাকরেন যে রাজ্যের জারি করা নির্দেশিকা অনুযায়ী পুনরায় খোলার দ্বিতীয় পর্যায়ে রেস্টুরেন্টে আউটডোর ডাইনিং অনুমোদিত হবে। 11 জুন গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 12 জুন তারিখে পুনরায় খোলার তৃতীয় পর্যায় শুরু হবে।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, ব্যবসাগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক রাজ্যে দায়িত্বশীল খাদ্য পরিষেবার মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম রাজ্যের মান, তবে তার মধ্যেই সীমাবদ্ধ নয়, এবং তার সাথে প্রযোজ্য ফেডারেল শর্তাবলী ব্যতীত কোনো খাদ্য পরিষেবা পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা রাজ্যের মান COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় পরিচালিত খাদ্য পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না রাজ্য কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। খাদ্য পরিষেবা সাইটের পরিচালক, অথবা অন্য কোন পক্ষ, পরিচালক যেমন মনোনীত করতে পারেন (উভয় ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষ"), এই মান পূরণের জন্য দায়ী থাকবেন।

নিম্নলিখিত নির্দেশিকাটি তিনটি স্বতন্ত্র বিভাগ নিয়ে সংগঠিত: মানুষ, স্থান এবং প্রক্রিয়াসমূহ।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- এই নির্দেশিকার উদ্দেশ্যে "বহিরঙ্গনের স্থান" খাদ্য এবং/বা পানীয় গ্রহন করার জন্য নির্দিষ্ট একটি উন্মুক্ত স্থান হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে, যার একটি সাময়িক বা স্থায়ী আবরণ থাকতে পারে (অওনিং বা ছাদ) যদি সেই আবরণের অন্তত দুটি খোলা পাশ থাকতে হবে বাতাস চলাচলের জন্য। তেমন বহিরঙ্গনের স্থানে সকল টেবিল সহ সিট অন্তত ছয় ফুট দূরে থাকতে হবে অন্য কোন টেবিল, সিট, প্যাট্রন, বা পায়ে হাঁটা মানুষের রাস্তা বা করিডোর থেকে; কিন্তু কোন বার বা রেস্টুরেন্ট কোন প্বার্শবর্তী জায়গা (যেমন পায়ে হাঁটার পথ) ব্যবহার করতে চান নির্বাহী আদেশ 202.38 অনুসারে, স্থানীয় প্রযোজ্য মিউনিসিপালিটি যদি তা অনুমোদন করেন তাহলে পায়ে হাঁটা মানুষের রাস্তা বা করিডোর থেকে টেবিলের বিকল্প দূরত্ব স্থির করতে পারেন পদব্রজে চলা মানুষের সংখ্যার পরিমাণ বিবেচনা করে, পায়ে হাঁটা পথে জায়গা কতটা থাকে, এবং নিষ্প্রয়োজন ভিড় এড়ানো, বা বৈকল্পিকভাবে, স্থানীয় মিউনিসিপালিটি হয়ত সেই বার বা রেস্টুরেন্টকে একটি শারীরিক প্রতিবন্ধকতা খাঁড়া করতে বলতে পারেন যার উচ্চতা অন্তত পাঁচ ফুট যখন ছয় ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব হবে না টেবিল এবং পথচারীদের রাস্তা বা করিডোরের মধ্যে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারীদের বাদ দিয়ে, অভ্যন্তরীণ ধারণক্ষমতা যেন একটি নির্দিষ্ট অঞ্চলের জন্য দখল শংসাপত্র দ্বারা নির্ধারিত সর্বাধিক দখলের 50% পর্যন্ত সীমাবদ্ধ থাকে।
    - দায়বদ্ধ পক্ষগুলির অবশ্যই নিশ্চিত করা উচিত যে কর্মচারীদের মধ্যে সর্বদা কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়, যদি না মূল ক্রিয়াকলাপটির জন্য আরও কম দূরত্বের প্রয়োজন হয় (যেমন রান্না করা, পরিষ্কার করা, টেবিল পরিষ্কার করা, রক্ষণাবেক্ষণ)। শারীরিক দূরত্ব নির্বিশেষে, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সমস্ত কর্মীরা সর্বদা একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। গ্রাহকদের বসে থাকার সময় বাদে, সব সময় অবশ্যই মুখের আবরণ পড়ে থাকতে হবে; তবে, যদি সেই গ্রাহক দুই বছরের বেশি বয়সী হন এবং চিকিৎসামূলকভাবে এই ধরণের আবরণ সহ্য করতে সক্ষম হন।

- COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখের আবরণগুলিতে কাপড়-ভিত্তিক মুখের আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্কগুলি অন্তর্ভুক্ত যা মুখ এবং নাক উভয়ই ঢেকে রাখে, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়।
- তবে, যে কাজের প্রকৃতির কারণে কর্মস্থানের ক্রিয়াকলাপগুলির জন্য সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর মাধ্যমে উচ্চতর মাত্রায় সুরক্ষা প্রয়োজন হয়, সেখানে সাধারণত কাপড়ের, নিষ্পত্তিযোগ্য বা ঘরে তৈরি অন্যান্য মুখের আবরণ গ্রহণযোগ্য মুখের আবরণ নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুসারে সংজ্ঞায়িত হিসাবে বিদ্যমান শিল্প মানের অধীনে ব্যবহৃত N95 রেস্পিরেটর বা ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা চালিয়ে যাওয়া উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বহিরঙ্গন ধারণক্ষমতা এত সংখ্যক টেবিলের মধ্যে সীমাবদ্ধ করা হয় যা নিরাপদে এবং যথাযথভাবে সজ্জিত করা যেতে পারে যাতে প্রত্যেকটি টেবিল অপরগুলির থেকে ন্যূনতম ছয় ফুট দূরত্বে থাকে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে গ্রাহকদের বসার জন্য অভ্যন্তরীণ এবং বহিরঙ্গন টেবিলগুলি সব দিক থেকে কমপক্ষে ছয় ফুট দূরত্বে থাকে। যেখানেই টেবিলগুলির মধ্যে দূরত্ব রাখা সম্ভব নয়, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই এই ধরণের টেবিলগুলির মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা তৈরি করতে হবে। শারীরিক প্রতিবন্ধকতা অবশ্যই কমপক্ষে পাঁচ ফুট উচ্চতার হতে হবে এবং জরুরী এবং/অথবা আগুনের প্রস্থান অবরুদ্ধ করবে না।
  - দায়বদ্ধ পক্ষগুলি গ্রাহকদের অভ্যন্তরীণ এবং বহিরঙ্গন বার প্রাঙ্গণে বসার অনুমতি দিতে পারে, যদি পক্ষগুলির (যেমন গ্রাহকদের দল) মধ্যে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা যায়।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বার প্রাঙ্গনের কর্মীরা, যখন সম্ভব, একে অপরের এবং/অথবা গ্রাহকদের থেকে কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখবেন।

- দায়বদ্ধ পক্ষগুলি টেবিলের ধারণক্ষমতা অনুসারে একক টেবিলে যতজন সম্ভব ব্যক্তিকে বসতে পারে, যেখানে প্রত্যেকটি টেবিলে সর্বোচ্চ 10 জন ব্যক্তি থাকতে পারেন।
  - একটি টেবিলে বসে থাকা ব্যক্তিদের অবশ্যই একই দলের সদস্য হতে হবে কিন্তু তারা বিভিন্ন পরিবারের হতে পারেন।
  - সাম্প্রদায়িক টেবিলগুলি যেখানে একটি বড় টেবিলে একাধিক পক্ষ বসতে পারে, কেবলমাত্র তখনই অনুমদিত যদি পক্ষগুলির মধ্যে কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখা যায়।
- গ্রাহকদের জন্য বিশ্রামকক্ষ প্রদান করা দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকেরা বিশ্রামকক্ষে থাকাকালীন এবং তার জন্য অপেক্ষা করার সময় অবশ্যই সামাজিক দূরত্বের প্রচার করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে ওয়ার্ক স্টেশন ও কর্মচারীর বসার এলাকার ব্যবহার পরিবর্তন এবং/অথবা সংখ্যা সীমাবদ্ধ করতে পারে, যাতে শ্রমিকরা সব দিক থেকে অন্তত ছয় ফুট দূরত্বে থাকেন (যেমন, পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হন) এবং ব্যবহারের মধ্যবর্তী সময়ে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কোন জায়গা শেয়ার করছেন না। যখন দূরত্ব বজায় রাখা সম্ভব হয় না (যেমন পিক-আপ স্টেশনগুলি, ক্যাশ রেজিস্ট্রারগুলি), দায়বদ্ধ পক্ষগুলি এমন জায়গাগুলিতে শারীরিক প্রতিবন্ধকতা (যেমন প্লাস্টিকের রক্ষক দেওয়াল) স্থাপন করতে পারে যেখানে তারা বায়ু প্রবাহ, উত্তাপ, শীতলকরণ বা বায়ুচলাচলকে প্রভাবিত করবে না এবং জরুরী অবস্থা এবং/অথবা আগুন প্রস্থান অবরুদ্ধ করবে না।
  - ব্যবহার করা হলে, OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
  - শারীরিক প্রতিবন্ধক বিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য অভেদ্য বিভাজক বা পার্টিশন।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- দায়বদ্ধ পক্ষগুলির একসাথে একাধিক ব্যক্তি দ্বারা ছোট জায়গার (যেমন ফ্রিজার বা স্টোরেজ রুম) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না সেখানে একই সময় সমস্ত কর্মীরা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। তবে, মুখের আবরণ ব্যবহার করা সত্ত্বেও, দখলকারীর সংখ্যা কখনই স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না সেটি একক দখলকারীর ব্যবহারের জন্য তৈরি করা হয়ে থাকে। সুরক্ষা প্রোটোকল বজায় রাখার সাথে দায়বদ্ধ পক্ষগুলিকে বাইরের বাতাস দ্বারা বায়ুচলাচল সর্বাধিক পরিমাণে বাড়ানো উচিত (যেমন রান্নাঘরের জানলা এবং দরজা খুলে দেওয়া)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে সরু গলি, হলওয়ে বা ফাঁকা জায়গাগুলিতে সূচকের সাহায্যে টেপ বা চিহ্ন ব্যবহার করে দু-দিকের পথচলাচল হ্রাস করার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত, এবং সমস্ত সচরাচর ব্যবহৃত অঞ্চলে এবং যে কোনো অঞ্চল যেখানে সারিবদ্ধ হওয়ার সম্ভাবনা বেশী বা মানুষ জমায়েত হতে পারে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য স্ক্রিনিং স্টেশন, ব্রেক রুম), সেখানে ছয় ফুটের দূরত্ব চিহ্নিত করে সংকেত স্থাপন করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগুলিকে এই সব স্থানে অবশ্যই ছয় ফুটের ব্যবধানের স্পষ্ট সংকেত দিতে হবে:
        - অর্ডার করা, খাবার পিক-আপ করা, বসার জন্য বা বিশ্রামাগার ব্যবহারের জন্য অপেক্ষা করা গ্রাহকদের কোনো লাইন (যেমন টেপ বা অন্যান্য সমান কার্যকর উপায় ব্যবহার করে); এবং
        - যে কোনো পিক-আপ বা অর্থ প্রদানের স্থান (যেমন কাউন্টার, টেবিল, রেজিস্টার)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকদের জন্য পৃথক প্রবেশ/প্রস্থান এবং কর্মীদের জন্য পৃথক প্রবেশ / প্রস্থান নির্ধারণ করতে হবে, যেখানে সম্ভব।

- দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকদের তাদের গাড়ীতে বা বাইরে উপযুক্ত সামাজিক দূরত্ব বজায় রেখে অপেক্ষা করতে উত্সাহিত করা উচিত যতক্ষণ না খাবার পিক-আপের জন্য প্রস্তুত হয় বা তাদের বসার জায়গা প্রস্তুত হয়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকদের অনলাইনে বা ফোনের মাধ্যমে দূরবর্তী অর্ডার দেওয়ার জন্য উত্সাহিত করা উচিত।

- যেখানেই সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলিকে যোগাযোগবিহীন অর্ডার, অর্থ প্রদান, ডেলিভারি, এবং পিক-আপ এবং/অথবা কার্বসাইড পিক-আপ বাস্তবায়নের ব্যবস্থা করা উচিত।
    - যখন যোগাযোগবিহীন অর্থ প্রদান করা সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগুলিকে বিলফোল্ডগুলির ব্যবহার হ্রাস করা এবং কেবল কাগজের রিসিটগুলি ব্যবহার করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে প্রতিষ্ঠানে ব্যয় হওয়া সময় সীমাবদ্ধ করার জন্য যে গ্রাহকরা বসবেন তাদের সময়ের আগে অর্ডার দেওয়ার অনুমতি দেওয়া বিবেচনা করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্য বিভাগ এর COVID-19 সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ নিদর্শন স্থাপন করতে হবে। দায়বদ্ধ পক্ষগুলো তাদের নির্দিষ্ট কর্মক্ষেত্র বা স্থানের জন্য নিজস্বকৃত সংকেত তৈরি করতে পারে, যদি এই ধরনের সংকেত বিভাগের সংকেতের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের এগুলি সম্পর্কে স্মরণ করিয়ে দিতে সাইনেজ ব্যবহার করা উচিত:
    - তাদের নাক এবং মুখ একটি মুখের আবরণ দিয়ে ঢেকে রাখা।
    - ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম, PPE, সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
    - শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলা।
    - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
    - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
    - যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশি সংক্রান্ত শিষ্টাচার অনুসরণ করুন।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন কর্মীদের মিটিং) সব চেয়ে বেশী যতটা সম্ভব এবং অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করা, CDC-র নির্দেশিকা অনুযায়ী "ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত গৌণ সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকাগুলি বন্ধ করার কথা বিবেচনা করা যা সমাবেশকে উৎসাহিত করে অথবা যেগুলি বেশি স্পর্শ করা হয় (যেমন ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি মেশিন)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে ছোট এলাকাগুলিতে, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের অনুশীলনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য সাইনেজ এবং সিস্টেম (যেমন দখলকৃত অবস্থায় থাকার সময় ফ্ল্যাগ করা) ব্যবহার করতে হবে।
    - খাদ্য ট্রাক পরিচালনাকারী দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ এই ধরনের অনুশীলন বাস্তবায়ন করা যতদূর সম্ভব।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ তাদের কর্মীদের জন্য যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার (যেমন বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) সময়সূচী আগু-পিছু করা।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, এমন পদ্ধতির মাধ্যমে:
    - শুধুমাত্র প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যেই সশরীরে উপস্থিতি সীমিত করা;
    - কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা;
    - সামাজিক দূরত্ব নির্দেশিকা বজায় রাখার জন্য অন-সাইট কর্মী হ্রাস করা;
    - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের সময় আগু-পিছু করা);
    - যে সব কাজ যা সামাজিক দূরত্ব বজায় রাখতে দেয়, সেগুলিকে সেই সব কাজের উপর অগ্রাধিকার দেওয়া যেগুলি তা করে না;
    - একটি এলাকায় কর্মরত একাধিক ক্রু এবং/অথবা দল এড়িয়ে চলা নির্ধারিত কাজের সময়সূচী আগু-পিছু করা এবং দখলকৃত এলাকা নির্দেশ করার জন্য চিহ্ন ব্যবহার করা; এবং/অথবা
    - যেখানে সম্ভব ক্রিয়াকলাপ বিভাজন এবং ব্যাচিং করা, যাতে মানুষ সামাজিক দূরত্ব মেনে চলতে পারে এবং একই সময়ে কতগুলি হাত সরঞ্জাম স্পর্শ করে তার সংখ্যা কমানো যায়।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত খাদ্য প্রস্তুতকারী কর্মীদের শিফট চলাকালীন অন্যদের ওয়ার্ক স্টেশনে পরিবর্তন বা প্রবেশ না করতে উৎসাহিত করা, যদি না সেগুলি যথাযথভাবে পরিষ্কার করা হয় এবং/অথবা যথাযথ ভাবে জীবাণুমুক্ত করা হয়।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির সার্ভারের জন্য পৃথক কর্মক্ষেত্র নির্ধারণ করা উচিত। ওভারল্যাপ কমাতে সার্ভারের উচিৎ রেস্টুরেন্টে নির্দিষ্ট জোন পরিবেশন করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত বসার জন্য কাস্টমার রিজার্ভেশনকে উৎসাহিত করা, যেখানে তা বাস্তবসম্মত, অপেক্ষারত পৃষ্ঠপোষকদের সমাবেশ কমানোর জন্য।
    - দায়বদ্ধ পক্ষগুলির গ্রাহকদের বসার জায়গা বা অর্ডার উপলব্ধ হয়েছে তা জানানোর জন্য তাদের কোনো ডিভাইস (উদাহরণস্বরূপ বাজার) প্রদান করা উচিত নয়, যদি না সেই ধরনের ডিভাইসগুলি প্রতিটি ব্যবহারের পরে পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার করা হয় এবং জীবাণুমুক্ত করা হয়।
        - দায়বদ্ধ পক্ষগুলিকে একটি অর্ডারের বা বসার অপেক্ষায় থাকা গ্রাহকদের সাথে অডিও ঘোষণা, টেক্সট বার্তা বা স্ক্রিনে প্রদর্শিত বিজ্ঞপ্তির ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বিক্রেতা পিকআপ এবং/অথবা ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে, যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে সাইটে আলাপচারিতা এবং চলাচল সীমিত করতে হবে (যেমন, শিফট শেষ হয়ে যাওয়া কর্মী এবং শিফট শুরু করা কর্মীদের জন্য পৃথক পৃথক প্রস্থান এবং প্রবেশের ব্যবস্থা) এবং (যেমন যত বেশি সম্ভব কর্মীদের তাদের ওয়ার্কস্টেশনের কাছাকাছি থাকতে হবে)।

- যে সব বিক্রেতাদের প্রাঙ্গণে আসা প্রয়োজন, সেখানে দায়বদ্ধ পক্ষগুলির এক-সময়-একজন প্রক্রিয়া নিশ্চিত করা উচিত, যেখানে একবারে শুধুমাত্র একজন বিক্রেতা একটি পণ্য ডেলিভার করেন, কর্মীরা উচ্চ স্পর্শ করা পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত করেন, এবং তারপর পরবর্তী বিক্রেতা প্রাঙ্গণে প্রবেশ করতে পারেন।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির প্রবেশদ্বারের সংখ্যা সীমিত করা উচিত (1) বিল্ডিং-এ প্রবেশকারী ট্রাফিক প্রবাহ পরিচালনা করার জন্য এবং (2) অগ্নি নিরাপত্তা এবং অন্যান্য প্রযোজ্য নিয়ম মেনে চলার পাশাপাশি স্বাস্থ্য স্ক্রিনিং-এর সুবিধা প্রদান করার জন্য।

- স্ক্রিনিংয়ের জন্য প্রতিষ্ঠানের ভেতরে বা বাইরে লাইনে দাঁড়িয়ে থাকা অবস্থায় ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য একটি পরিকল্পনা তৈরি করুন, যেমন প্রযোজ্য।

II. জায়গা

A. রান্নাঘর এলাকা

- কাজে ফিরে আসার আগে, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই একটি সুস্থ এবং নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে রান্নাঘর ব্যবস্থার ফেরত আসার পূর্বের একটি পরীক্ষা এবং মূল্যায়ন সম্পন্ন করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে রান্নাঘরের কর্মীরা যেন সব সময় ফেস কভার পরেন।
- দায়বদ্ধ পক্ষগুলির উচিত রান্নাঘর পুনর্বিন্যাস করা যাতে ছয় ফুট দূরত্ব বজায় রাখা যায়, যতদূর সম্ভব।
    - দায়বদ্ধ পক্ষগুলির উচিত সম্ভব হলে শিফটের সময় আগু-পিছু করা, সময়ের আগে কাজ করার জন্য (যেমন খাদ্য প্রস্তুতি)।

- যতদূর সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে রান্নাঘরের কর্মীরা তাদের পুরো শিফটের সময় একটি স্টেশনে নিয়োজিত থাকেন (যেমন স্যালাড বা গ্রিল বা ডেজার্ট)।

- যেখানে প্রযোজ্য, দায়বদ্ধ পক্ষগুলির উচিত ওয়ার্ক স্টেশনে এবং কাজের এলাকায় মার্কার স্থাপন করা মেঝেতে টেপ দিয়ে যাতে সব দিক থেকে ছয় ফুট দূরত্ব নির্দেশ করা যায়।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত রান্নাঘরের কর্মীদের উৎসাহিত করা যাতে পরবর্তী ব্যক্তির হাতে জিনিষপত্র না দিয়ে সেগুলি কাউন্টারে রাখা যাতে পরের ব্যক্তি সেগুলি তুলে নিতে পারেন।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের মধ্যে রান্নাঘরের সরঞ্জাম (যেমন ছুরি, হাঁড়ি, ন্যাকড়া/তোয়ালে) ভাগাভাগি করা কমাতে হবে।

B. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের কার্যক্রমের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জাম (PPE) ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই, গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং কর্মচারীদের বিনামূল্যে প্রদান করতে হবে কাজ করার সময়। দায়বদ্ধ পক্ষগুলির কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর প্রতিস্থাপনের প্রয়োজন হয় বা একজন সরবরাহকারীর যদি প্রয়োজন হয়। গ্রহণযোগ্য মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়, কাপড় (যেমন, বাড়িতে সেলাই করা, কুইক কাট, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, N95 রেস্পিরেটর এবং ফেস সিল্ড।

- মুখের আবরণগুলি ব্যবহারের পর অবশ্যই পরিষ্কার করতে হবে বা প্রতিস্থাপন করতে হবে এবং কারো সাতেহ ভাগ করা চলবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং তার সাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
  - মনে রাখবেন যে কাপড়ের মুখের আবরণ বা নিষ্পত্তিযোগ্য মাস্ক সেইসব কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য মুখের আবরণ হিসাবে বিবেচনা করা হবে না যেখানে মুখের আবরণের প্রয়োজনীয়তার ক্ষেত্রে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন। উদাহরণস্বরূপ, যদি N95 রেস্পিরেটর ঐতিহ্যগতভাবে কোন নির্দিষ্ট খাদ্য সেবা কার্যকলাপের জন্য প্রয়োজন হয়, একটি কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক তখন যথেষ্ট হবে না। দায়বদ্ধ পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের নিজস্ব গ্রহণযোগ্য মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মীদের নিজস্ব মুখের আবরণ সরবরাহ করতে বলতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে বিরত করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষগুলি তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা বাধ্যতামূলক করেন। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের কর্মীরা সব সময় মুখের আবরণ পরে থাকেন। দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মীরা হাতের পরিচ্ছন্নতা অনুশীলন করেন এবং রাজ্য এবং স্থানীয় স্যানিটারি কোডের সাথে সামঞ্জস্যপূর্ণ খালি হাতের প্রতিবন্ধকতা ব্যবহার করতে হবে।
  - যদি কর্মীরা অ-খাদ্য প্রস্তুতি কার্যকলাপের সময় গ্লাভস পরে থাকেন, তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই:
    - কর্মীদের ঘন ঘন গ্লাভস প্রতিস্থাপন নিশ্চিত করা; এবং

- কাজ পরিবর্তন করার সময় কর্মীদের গ্লাভস পরিবর্তন করতে উৎসাহিত করুন (উদাহরণস্বরূপ গ্রাহকদের পরিবেশন করা থেকে কাটা-চামচ রুমালে মোড়া)।

  - যদি কর্মীরা গ্লাভস না পরেন, তাহলে দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মীদের ঘন ঘন হাত ধোয়া এবং/অথবা স্যানিটাইজ করা নিশ্চিত করতে হবে।

    - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারী টেবিল পরিষ্কার করেন তারা যেন সাবান এবং জল দিয়ে হাত ধুয়ে নেন এবং যদি তারা গ্লাভস পরে থাকেন, তাহলে টেবিল পরিষ্কার করার এবং জীবাণুমুক্ত করার আগে এবং পরে তাদের নতুন গ্লাভস পরতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই শুধুমাত্র তখনই গ্রাহকদের প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেওয়া উচিৎ যদি তারা একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন; তবে, সেটি তখনই প্রযোজ্য যদি সেই গ্রাহক দুই বছরের বেশী বয়সী হন এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হন।
  - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত টেবিলে না বসা পর্যন্ত গ্রাহকদের মুখের আবরণ পরে থাকা প্রয়োজনীয় করা (যেমন পিকআপের জন্য অপেক্ষা করার সময়, কাউন্টার বা জানালায় অর্ডার দেওয়ার সময়, টেবিল থেকে/পর্যন্ত হাঁটা, বিশ্রামাগার থেকে/পর্যন্ত হাঁটা)।
  - টেবিলে বসার পর, দায়বদ্ধ পক্ষগুলোর গ্রাহকদের খাবার এবং/অথবা পানীয় না খাওয়ার সময় মুখের আবরণ পরে থাকতে উৎসাহিত করা উচিত, কিন্তু তা প্রয়জনীয় করা উচত না।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বস্তু শেয়ার করা সীমিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেমন রান্নাঘরের সরঞ্জাম, কলম এবং লেখার প্যাড, সেই সাথে শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা, যেমন দরজার হাতল, কীপ্যাড, এবং টাচস্ক্রিন; অথবা, শেয়ার করা বস্তুর সংস্পর্শে বা ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে থাকলে কর্মীদের গ্লাভস (বানিজ্য অনুযায়ী বা চিকিৎসাগত) পরা প্রয়োজনীয় করা উচিৎ; অথবা, কর্মীদের যোগাযোগের আগে এবং পরে হাত ধোয়া প্রয়োজনীয় করা উচিৎ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের কিভাবে পর্যাপ্তভাবে মুখের আবরণ সহ, কিন্তু তাতেই সীমিত নয়, PPE পড়তে, খুলে ফেলতে, পরিষ্কার করতে (যেমন প্রযোজ্য), এবং তার নিষ্পত্তি করতে হয়, সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

B. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবানুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই CDC এবং DOH এর সুপারিশকৃত স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছহন্নতা ও জীবাণুমুক্তকরণ সংক্রান্ত বাধ্যবাধকতাগুলি মেনে চলতে হবে, যেমন সেগুলি প্রযোজ্য, যার মধ্যে আছে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার। দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কিছু লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণের পরিধি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সাইটে হ্যান্ড হাইজিন স্টেশন প্রদান করতে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, চলমান হালকা গরম জল, নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে, এবং একটি লাইনিং দেওয়া গার্বেজ ক্যান।
  - হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত উচ্চ মাত্রায় স্পর্শ করা এলাকাগুলি জুড়ে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ করা (যেমন বিশ্রামাকক্ষের বাইরে)। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন প্রবেশদ্বার, প্রস্থান দ্বার, ক্যাশিয়ারে। যেখানে সম্ভব স্পর্শবিহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার স্থাপিত করা উচিত।
    - খাবারের ট্রাক এবং ছাড়ের ক্ষেত্রে যেখানে দায়বদ্ধ পক্ষগুলি চলমান জলের স্টেশন প্রদান করতে অক্ষম, সেখানে কর্মীদের গ্লাভস পরতে হবে অথবা নিয়মিত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে এবং যুক্তরাষ্ট্রীয়, রাজ্য এবং স্থানীয় খাদ্য পরিচালনা এবং পরিচ্ছন্নতার প্রয়োজনীয়তা মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোর হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সংকেত রাখা উচিত যা নির্দেশ করে যে দৃশ্যমান নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমান নোংরা হাতে কার্যকর নয়।

- ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সহ অন্যান্য নোংরা পণ্য নিষ্পত্তির জন্য সাইটের চারপাশে পাত্র রাখা উচিৎ।

- টেক-আউট/ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই এগুলি করতে হবে:
    - খাদ্য এবং/অথবা পানীয়ের জন্য অপেক্ষারত গ্রাহকদের জন্য হ্যান্ড হাইজিন স্টেশন প্রদান করা;
    - কর্মীরা সাবান এবং জল দিয়ে হাত ধুচ্ছেন অথবা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করছেন, এবং, যদি কর্মীরা গ্লাভস ব্যবহার করেন, তাহলে নিয়মিতভাবে সেগুলি পরিবর্তন করছেন তা নিশ্চিত করা; এবং
    - যদি পিক-আপ/ডেলিভারি অভ্যন্তরীণ/ঘেরা জায়গায় হয়, তাহলে বায়ুচলাচলের জন্য জানালা এবং/অথবা দরজা খোলা থাকে তা নিশ্চিত করা।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতা অনুসরণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে নিয়মিতভাবে স্থানটিকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবানুমুক্তকরণ অবশ্যই কঠোর এবং চলমান হতে হবে এবং প্রয়োজন অনুযায়ী অন্তত প্রতিটি শিফট, দৈনিক বা আরো ঘন ঘন হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
    - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই বিশ্রামকক্ষগুলি নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। বিশ্রামাগারগুলি কত ঘন ঘন তা ব্যবহৃত হয় তার উপর নির্ভর করে আরো বেশি বার পরিষ্কার এবং জীবানুমুক্ত করা উচিৎ।
        - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিশ্রামাগারের ধারণ ক্ষমতা কমানোর জন্য সাইনেজ, দখল করা আছে কিনা তার মার্কার বা অন্যান্য পদ্ধতি ব্যবহার করে সামাজিক দূরত্বের বিধিমালা যেন মেনে চলা হয়।
        - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলি নিয়মিতভাবে পরিষ্কার করা হয় নিবন্ধিত জীবাণুনাশক ব্যবহার করে, যার মধ্যে থাকবে অন্তত কর্মীরা যখন ওয়ার্কস্টেশন পরিবর্তন করেন অথবা একটি নতুন যন্ত্রপাতির সেটে যান। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।

- যদি পরিষ্কার বা জীবাণুনাশক পণ্য বা পরিষ্কার বা জীবাণুনাশকতার কাজ নিরাপত্তার ঝুঁকি সৃষ্টি করে অথবা উপাদান বা যন্ত্রপাতির অবনতি ঘটায়, তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই হ্যান্ড হাইজিন স্টেশন স্থাপন করতে হবে ব্যবহারের মধ্যবর্তী সময়ের জন্য এবং/অথবা নিষ্পত্তিযোগ্য গ্লাভস এবং/অথবাএই যন্ত্রপাতি ব্যবহার করে এমন কর্মীদের সংখ্যা সীমিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে একজন কর্মীর COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে উন্মুক্ত এলাকার পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, যার অন্তর্ভুক্ত হবে অন্তত পক্ষে সকল অধিক লোক চলাচল হয় এমন এলাকা এবং বেশি-স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতল (যেমন ভাগাভাগি করা যন্ত্রপাতি, সরঞ্জাম, মেশিন, ওয়ার্ক স্টেশন, কিপ্যাড, টেলিফোন) ইত্যাদি পরিষ্কার করা।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) উপর CDC এর নির্দেশিকা নিম্নরূপ:
  - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত এলাকাগুলি বন্ধ করা।
    - প্রভাবিত এলাকাগুলি বন্ধ করে দেওয়া উচিৎ এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা প্রয়োজন।
    - যদি কোন খাদ্য ট্রাকের কর্মচারীকে COVID-19 আছে বলে সন্দেহ করা হয় অথবা নিশ্চিত করা হয়, তাহলে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না হওয়া পর্যন্ত খাদ্য ট্রাকটি বন্ধ করে রাখতে হবে।
  - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
  - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতদিন সম্ভব অপেক্ষা করুন।
  - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত সকল এলাকা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং শেয়ার করা সরঞ্জাম।
  - একবার এলাকাটি যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য পুনরায় খোলা যেতে পারে।
    - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন কর্মীরা পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পর পরই কর্মক্ষেত্রে ফিরে যেতে পারেন।
    - "ঘনিষ্ঠ বা নিকট" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
  - যদি সাত দিনের বেশী সময় অতিবাহিত হয় COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি ফেসিলিটি পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর, তাহলে স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবানুমুক্ত করা অব্যাহত রাখা উচিত।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের নিজেদের মধ্যে খাদ্য এবং পানীয় ভাগাভাগি করা নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে দুপুরের খাবার আনতে উৎসাহিত করতে হবে এবং খাবার খাওয়ার সময় সামাজিক ব্যবধান বজায় রাখার জন্য পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করতে হবে।

- দায়িত্বশীল দলগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে গ্রাহকদের সরাসরি সরবরাহ করা সকল মশলা একক ব্যবহারের ডিসপোজেবল কন্টেইনার বা পুনর্ব্যবহারযোগ্য কন্টেইনারে থাকতে হবে যা নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়, আদর্শভাবে প্রতিটি পক্ষের ব্যবহারের মধ্যবর্তী সময়ে।

- দায়বদ্ধ পক্ষগুলির নিশ্চিত করা উচিত যে অতিথিদের একক ব্যবহারের, কাগজের, নিষ্পত্তিযোগ্য মেনু এবং/অথবা মেনু সাদা বোর্ড/চক বোর্ড/টেলিভিশন/প্রোজেক্টরে প্রদর্শিত হয়, যেখানে সম্ভব। যদি নিষ্পত্তিযোগ্য নয় এমন মেনু ব্যবহার করা হয়, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই প্রতিটি পক্ষের ব্যবহারের মধ্যবর্তী সময়ে মেনুগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগুলির উচিত গ্রাহকদের অনলাইনে মেনু দেখতে উৎসাহিত করা (যেমন তাদের নিজস্ব স্মার্টফোন বা ইলেকট্রনিক ডিভাইসে) যেখানে সম্ভব।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই আগে প্যাক করা সিলভারওয়্যার বা আগে থেকে রোল করা সিলভারওয়্যার ব্যবহার করতে হবে। সিলভারওয়্যার অবশ্যই মাস্ক এবং গ্লাভস পরা অবস্থায় প্রি-রোল করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলির মোড়ানো নয় এমন স্ট্র এবং টুথপিক সরবরাহ করা উচিত নয়।

C. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে পুনরায় খোলার ক্রিয়াকলাপ পর্যায়ক্রমিকভাবে করার জন্য উৎসাহিত করা হয় যাতে উৎপাদন বা কাজ স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে পরিচালন সংক্রান্ত সমস্যার সমাধান করা সম্ভব হয়। দায়বদ্ধ পক্ষগুলির উচিত প্রথম পুনরায় খোলার সময় কর্মী, কাজের সময় এবং উপলব্ধ গ্রাহকের সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করা উচিত যাতে পরিবর্তনের সাথে মানিয়ে নেওয়ার ক্ষমতা প্রদান করা যায়।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তারা রাজ্যের জারি করা শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং বুঝতে পেরেছেন, এবং তারা তা বাস্তবায়ন করবেন।
- দায়বদ্ধ পক্ষগুলিকে কর্মচারী, বিক্রেতা এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা উচিত যা কর্মীদের তথ্য প্রদানের জন্য প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, স্বাক্ষর, এবং একটি সঙ্গতিপূর্ণ উপায় অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষগুলি ওয়েব পেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ এবং সোশাল মিডিয়া উন্নয়ন করার কথা বিবেচনা করতে পারেন।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের জন্য বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য স্ক্রিনিং এর অনুশীলন বাস্তবায়ন করতে হবে এবং যেখানে কার্যকর, বিক্রেতাদের জন্যও, কিন্তু এই ধরনের স্ক্রীনিং গ্রাহক এবং ডেলিভারি কর্মীদের জন্য বাধ্যতামূলক করা হবে না।
    - স্ক্রীনিং অনুশীলন দূর থেকে সম্পন্ন করা যেতে পারে (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে), কর্মী সাইটে রিপোর্ট করার আগে, যতদূর সম্ভব; অথবা সাইটেও তা করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে আসা থেকে কর্মীদের বিরত রাখার জন্য স্ক্রীনিং এর সমন্বয়সাধন করা উচিত।
    - অন্তত পক্ষে সব কর্মী এবং বিক্রেতাদের স্ক্রিনিং বাধ্যতামূলক করতে হবে এবং একটি প্রশ্নাবলী ব্যবহার করতে সম্পূর্ণ করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা বিক্রেতার সাথে নিম্নোক্ত ঘটনাগুলি ঘটেছে কি না:

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

(a) জেনেশুনে গত 14 দিনে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন এমন কারও সঙ্গে যিনি COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন বা যার মধ্যে COVID-19 এর লক্ষণ রয়েছে।

(b) গত 14 দিনে COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেছেন; এবং/অথবা

(c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- দায়বদ্ধ পক্ষগুলি গ্রাহকদের একটি স্বাস্থ্যজনিত স্ক্রিনিং সম্পন্ন করতে অথবা যোগাযোগের তথ্য প্রদান করতে বাধ্য করতে পারে না কিন্তু গ্রাহকদের তা করতে উৎসাহিত করতে পারে। দায়বদ্ধ পক্ষগুলি গ্রাহকদের যোগাযোগের তথ্য প্রদান করার জন্য একটি বিকল্প প্রদান করতে পারেন যাতে প্রয়োজনে তাদের লগ করা যেতে পারে এবং তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে কন্ট্যাক্ট ট্রেসিঙের জন্য।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের লক্ষণ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- মার্কিন যুক্তরাষ্ট্রের সমান কর্মসংস্থানের সুযোগের কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা স্বাস্থ্য বিভাগ (DOH) এর নীতিমালা অনুযায়ী স্ক্রিনিং প্রশ্নপত্রের সাথে দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষগুলোকে কর্মীদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের রেকর্ড (উদাহরণস্বরূপ তাপমাত্রার তথ্য) রাখতে নিষিদ্ধ করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে তাপমাত্রা পরীক্ষণ সহ অন্যান্য স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করা কোনো কর্মী, সাইটে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামিত কর্মচারী অথবা বিক্রেতাদের দ্বারা সংক্রমণ থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত নিয়োগকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- একজন কর্মী বা বিক্রেতা যাকে COVID-19 উপসর্গের জন্য ইতিবাচক হিসাবে স্ক্রিন করা হয়েছে তাকে প্রাঙ্গণে প্রবেশ করতে অনুমতি দেওয়া উচিত নয় এবং মূল্যায়ন এবং পরীক্ষার জন্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া উচিত। দায়বদ্ধ পক্ষগুলিকে কোনো ইতিবাচক সংক্রমণ সম্পর্কে অবিলম্বে রাজ্য এবং যেখানে সাইটটি অবস্থিত তার স্থানীয় স্বাস্থ্য বিভাগকে জানাতে হবে। দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্যসেবা ও পরীক্ষা করার সংস্থানগুলির সম্পর্কে তথ্য কর্মচারীদের সরবরাহ করতে হবে।

- COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত সংক্রমণের পর অথবা একজন কর্মচারীর সংক্রামিত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ বা সংস্পর্শে আসার পর কর্মক্ষেত্রে ফিরে আসতে চাওয়া কর্মীদের জন্য প্রোটোকল এবং নীতি সম্পর্কে দায়বদ্ধ পক্ষগুলোর স্বাস্থ্য বিভাগ (DOH) এর "COVID-19 সংক্রমণ বা সংক্রমণের সংস্পর্শে আসার পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) অনুসরণ করা উচিৎ।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই স্ক্রিনিং প্রক্রিয়া দ্বারা সংগৃহীত সকল কর্মী এবং বিক্রেতার প্রতিক্রিয়া প্রতিদিন পর্যালোচনা করতে হবে এবং এই ধরনের পর্যালোচনার একটি রেকর্ড বজায় রাখতে হবে। যদি কোনো কর্মী পরবর্তীকালে COVID-19 সংক্রান্ত উপসর্গের সম্মুখীন হন তাহলে দায়বদ্ধ পক্ষগুলিকে সেই কর্মীদের জন্য একটি যোগাযোগকে উপযুক্ত পক্ষ হিসাবে শনাক্ত করতে হবে, যেমন প্রশ্নপত্রটিতে উল্লেখ করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই একজন সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক মেনে চলা।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত এমন সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল গ্রাহক ও ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের যোগাযোগ শনাক্তকরণ প্রচেষ্টার সাথে সহযোগিতা করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগুলি গ্রাহকদের একটি স্বাস্থ্যজনিত স্ক্রিনিং সম্পন্ন করতে অথবা যোগাযোগের তথ্য প্রদান করতে বাধ্য করতে পারে না কিন্তু গ্রাহকদের তা করতে উৎসাহিত করতে পারে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে অবহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই একজন সাইট নিরাপত্তা মনিটর মনোনীত করতে হবে যার দায়িত্বের মধ্যে রয়েছে সাইটের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক মেনে চলা।

- একজন কর্মী, বিক্রেতা বা গ্রাহক যিনি ব্যবসার সাথে মিথস্ক্রিয়ায় জড়িত হয়েছেন, তার পরীক্ষায় ইতিবাচক ফলাফলের ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই কর্মক্ষেত্রে সমস্ত যোগাযোগ শনাক্তকরণের জন্য রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে সহায়তা করতে হবে, এবং যেখানে কর্মস্থান অবস্থিত সেখানের স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবশ্যই প্রথম ব্যক্তির COVID-19 উপসর্গ দেখা দেওয়ার বা ইতিবাচক পরিক্ষণের 48 ঘন্টা আগে পর্যন্ত, যেটা আগে হয়, খাদ্য পরিষেবা স্থানে প্রবেশ করা সকল বিক্রেতা/গ্রাহক (যেমন প্রযোজ্য) এবং লগ করা সকল কর্মী সম্পর্কে জানাতে হবে। যুক্তরাষ্ট্রীয় এবং রাজ্যের আইন এবং নিয়মকানুন অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে।

- স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি, তাদের আইনি কর্তৃত্বের অধীনে, সংক্রমন সহ বা সংক্রমণের সংস্পর্শে আসা ব্যক্তিদের পর্যবেক্ষন এবং যাতায়াতের সীমাবদ্ধতা বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে বাড়িতে আইসোলেশান বা কোয়ারান্টাইন অন্তর্ভুক্ত।

- যে সকল ব্যক্তিকে সতর্ক করা হয়েছে যে তারা COVID-19 আক্রান্ত ব্যক্তির কাছাকাছি বা সংস্পর্শে এসেছেন, এবং যাদের শনাক্তকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে সতর্ক করা হয়েছে, তাদের সতর্কবার্তা পাওয়ার সাথে সাথে তাদের নিয়োগকর্তার কাছে স্ব-প্রতিবেদন করতে হবে এবং উপরে বর্ণিত এবং উল্লিখিত প্রোটোকল অনুসরণ করতে হবে।

IV. নিয়োগকর্তার পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগুলিকে সহজেই চোখে পরে এমন স্থানে অবশ্যই কর্মীদের জন্য সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19 বিস্তার থেকে রক্ষা করতে ব্যবসার মালিক এবং পরিচালকদের উন্নত পরিকল্পনা উন্নয়নে গাইড করার জন্য রাজ্য একটি ব্যবসা পুনরায় খোলার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে এখানে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী কাজ করার বাধ্যবাধকতা পড়েছেন এবং বুঝতে পারছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.